

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২২.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ আজারুল হক, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, বিকরগাছা, যশোর কর্তৃক ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকা অনুযায়ী একজন প্রশিক্ষিত যুবকে সর্বোচ্চ ৩ দফা পর্যন্ত ঋণ দেয়ার বিধান থাকা সত্ত্বেও তা প্রতিপালন না করে উক্ত কার্যালয় হতে ০১ জন ঋণীকে ৬ দফা পর্যন্ত ঋণ প্রদান করার অভিযোগে অধিদপ্তরের ১৭-৫-২০১৭ খ্রিঃ তারিখের ৯৪ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ১৭-৭-২০১৭ খ্রিঃ তারিখে নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক অভিযুক্তের ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত গুনানীকালে তিনি লিখিত জবাবে প্রদত্ত বক্তব্যের পুনরাবৃত্তি করেন এবং বলেন যে, দফা অতিক্রম করে প্রদত্ত ঋণ ইতোমধ্যে ঋণী কর্তৃক পরিশোধিত হয়েছে। তিনি তার ভুলের জন্য ক্ষমা চান এবং ভবিষ্যতে দফা অতিক্রম করে আর কোন ঋণ দেবেন না মর্মে অঙ্গীকার করেন;

যেহেতু, অভিযুক্তের প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে নথিপত্র পর্যালোচনায় দেখা যায় দফা অতিক্রম করে প্রদত্ত ঋণের টাকা ইতোমধ্যে পরিশোধ হয়েছে। অভিযুক্ত কর্মচারী দফা অতিক্রম করে ভবিষ্যতে আর ঋণ দেবেন না মর্মে অঙ্গীকার করেছেন। সার্বিক বিবেচনায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়:

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ আজারুল হক, ক্রেডিট সুপারভাইজার, বিকরগাছা, যশোর-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়া হলো। তবে ভবিষ্যতে দফা অতিক্রম করে ঋণ না দেয়ার জন্য গুনানীকালে তাকে মৌখিকভাবে সতর্ক করা হয়।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২২.২০১৬- ১৩৮

তারিখঃ ১৬-৮-২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, বিকরগাছা, যশোর।
- ০৬। জনাব মোঃ আজারুল হক, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, বিকরগাছা, যশোর।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।